

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 21-10-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ আজ পুলিশ স্মৃতি রক্ষা দিবস উপলক্ষে পুলিশ কর্মীদের অবর্ণনীয় সাহস এবং সর্বোচ্চ ত্যাগের প্রতি শুন্দা জানিয়েছেন।
- (২) সারা দেশের সাথে রাজ্যও যথাযোগ্য মর্যাদায় আজ পুলিশ স্মৃতি রক্ষা দিবস পালন করা হয়।
- (৩) রাজ্যভিত্তিক দীপাবলি উৎসব ও মেলার দ্বিতীয় দিনেও মাতাবাড়ি মন্দির ও মেলা প্রাঙ্গনে আজও পূর্ণার্থীদের ভীড় রয়েছে।
- (৪) প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদী বলেছেন যে, বিশ্ব যথন একাধিক সংকটের মধ্য দিয়ে যাচ্ছে, তখন ভারত স্থিতিশীলতা এবং সংবেদনশীলতার প্রতীক হিসেবে আবির্ভূত হয়েছে।

\*\*\*\*\*

**Police Commemoration Day-National :**

উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ আজ পুলিশ স্মৃতি রক্ষা দিবস উপলক্ষে পুলিশ কর্মীদের অবর্ণনীয় সাহস এবং সর্বোচ্চ ত্যাগের প্রতি শুন্দা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, 'জাতির সুরক্ষা এবং জনগণের নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করার জন্য পুলিশের অটল অঙ্গীকার আমাদের গভীর শুন্দার দাবি রাখে। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বলেছেন যে কেবলমাত্র একটি শক্তিশালী পুলিশ বাহিনীই একটি শক্তিশালী জাতি গঠন করতে পারে এবং এটিই সরকারের লক্ষ্য। পুলিশ স্মৃতি রক্ষা দিবস উপলক্ষে নতুনদিল্লিতে জাতীয় পুলিশ স্মৃতিসৌধে শহীদদের প্রতি পুষ্পস্তবক অর্পণ এবং শুন্দা নিবেদনের পর তিনি তার ভাষণে এই কথা বলেন। তিনি বলেন, সেনাবাহিনী দেশের ভৌগোলিক অঞ্চল নিশ্চিত করলেও, পুলিশ ভারতের সামাজিক অঞ্চল রক্ষা

# # # # Byte-Rajnath Singh# # # #

প্রতিরক্ষা মন্ত্রী আরও বলেন যে, দেশ যখন অমৃত কাল প্রবেশ করছে এবং ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ে তোলার দিকে তাকিয়ে আছে, তখন ভারতের অভ্যন্তরীণ ও বাহ্যিক নিরাপত্তার ভারসাম্য বজায় রাখা আগের চেয়েও বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

উল্লেখ্য, লাদাখের উষ্ণ প্রস্তরবলে সশস্ত্র চীনা সেনাদের আক্রমণে নিহত দশজন বীর পুলিশ সদস্যের প্রতি শ্রদ্ধা জানাতে প্রতি বছর ২১শে অক্টোবর পুলিশ স্মারক দিবস পালন করা হয়।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী, বান্দি সঞ্চয় কুমার, কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী, কেন্দ্রীয় পুলিশ সংস্থাগুলির প্রধানরাও পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। এ উপলক্ষে কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী এবং দিল্লি পুলিশের একটি যৌথ কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

### **Police commemoration Day-CM :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় আজ পুলিশ স্মৃতি রক্ষা দিবস পালন করা হয়। আগরতলার অরুণ্ধতীনগরস্থিত মনোরঞ্জন দেববর্মা স্মৃতি স্টেডিয়ামে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কর্তব্যরত অবস্থায় যেসব পুলিশকর্মী ও জওয়ান শহীদ হয়েছেন তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ সহ পুলিশের পদস্থ আধিকারিকগণ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। পুলিশ স্মৃতিরক্ষা দিবস অনুষ্ঠানে ২০২৪ সালের পয়লা সেপ্টেম্বর থেকে এবছরের ৩১শে আগস্ট পর্যন্ত কর্তব্যরত অবস্থায় যারা শহীদ হয়েছেন দেশের এমন ১৯১ জন পুলিশ ও জওয়ানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। এর মধ্যে রাজ্যের ২ জন রয়েছেন। রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর ডেভিড ডার্লং উত্তর ত্রিপুরার খেদাছড়ায় এবং টিএসআর জওয়ান রাইফেলম্যান মিলন দেববর্মা কৈলাসহর থানাধীন চিড়াকুটি ট্রাইজাংশনে কর্তব্যরত অবস্থায় শহীদ হন।

রাজ্য আরক্ষা দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, যারা দেশের সেবা ও নাগরিকদের নিরাপত্তায় আন্ত্যাগ করেছেন আজকের দিনটিতে

সেইসব বীর পুলিশকর্মী ও জওয়ানদের শ্রদ্ধার সঙ্গে স্মারণ করা হয়। দেশের আধাসামরিক বাহিনী পুলিশ বাহিনী ও সীমান্তে নিরাপত্তা রক্ষায় নিয়োজিত জওয়ানগণ যেভাবে নির্ণায় সঙ্গে কর্তব্য পালন করে আসছেন আগামীদিনেও দক্ষতা এবং পারদর্শিতার সাথে তারা নিজেদের দায়িত্ব পালন করবেন বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন।

\*\*\*\*\*

### **Police Commemoration Day-Kailashahar :**

উনকোটি জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগেও আজ কৈলাশহরের কামরাঙ্গাবাড়ি পুলিশ লাইনে পুলিশ স্মৃতিরক্ষা দিবস পালন করা হয়। এখানে শহীদ নিরাপত্তাকর্মীদের নামের তালিকা পাঠ করে শ্রদ্ধা নিবেদন ও শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। উপস্থিত ছিলেন উনকোটি জেলার পুলিশ সুপার সুধাস্থিকা আর, অতিরিক্ত পুলিশ সুপার ক্লিপ চাকমা সহ বিভিন্ন পুলিশ আধিকারিক ও কর্মীরা।

\*\*\*\*\*

### **Police Commemoration Day-BSF :**

আগরতলার শালবাগানে ত্রিপুরা ফ্রন্টিয়ারের সদর দপ্তরে আজ পুলিশ স্মৃতি রক্ষা দিবস পালন করা হয়। সেখানে শহিদবেদীতে পুষ্পস্তুবক অর্পণ করে শহিদদের প্রতি শ্রদ্ধাঙ্গলি জানিয়েছেন বি.এস.এফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের মহাপরিদর্শক অলোক কুমার চক্রবর্তী। তিনি তাঁর বক্তব্যে পুলিশ স্মৃতি রক্ষা দিবসের তাঁপর্য ব্যাখ্যা করেন।

\*\*\*\*\*

### **Diwali Matabari :**

রাজ্যভিত্তিক দীপাবলি উৎসব ও মেলার দ্বিতীয় দিনেও মাতাবাড়ি মন্দির ও মেলা প্রাঙ্গনে আজও পূর্ণার্থীদের ভীড় রয়েছে। আজ সন্ধ্যায় কল্যাণ সাগরের পূর্ব পাড়ে আরতি করা হয়।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা গতকাল সন্ধ্যায় মাতাবাড়ি ধন্যমানিক্য মুক্ত মঞ্চে তিনি দিন ব্যাপী এই উৎসবের সূচনা করেন। গত কাল রাতে সাংসদ বিপ্লব কুমার দেব মাতাবাড়ি মন্দিরে পূজা দেন।

ধন্যমানিক্য মুক্ত মঞ্চে দুই হাজারের অধিক শিল্পী দিন রাত সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনে অংশ নিয়েছেন।

জেলা পুলিশ সুপার কিরণ কুমার কে আমাদের প্রতিনিধি জেলা শ্যামসূলুর দওকে জানিয়েছেন, মেলার পরিবেশ শান্তিপূর্ণ এবং মেলাকে কেন্দ্র করে কোন অপ্রতিকর ঘটনার থবর নেই।

\*\*\*\*\*

### **CBC AWARNESS PROGRAMME :**

কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল ব্যৱো অফ কমিউনিকেশন (সিবিসি) -র আগরতলা ফিল্ড অফিস এবং এডিসির গাবর্দি সাব-জ্যোনাল অফিসের ব্যবস্থাপনায় গাবর্দি বাজারে আজ স্বচ্ছতা হি সেবা এবং এক পেড় মা কে নাম বিষয়ে বিশেষ সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। উপস্থিতি ছিলেন সাব-জ্যোনাল ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান আপন দেববর্মা। শ্রী দেববর্মা পরিষ্কার-পরিষ্কারতাকে দৈনন্দিন অভ্যাস হিসাবে গ্রহণ করার উপর জোর দিয়ে বলেন, ঘর থেকে শুরু করে সর্বত্র স্বাস্থ্যবিধি বজায় রাখতে জনগণের সক্রিয় অংশগ্রহণ জরুরি। "এক পেড় মা কে নাম" শীর্ষক বক্তব্যে তিনি প্রত্যেকের মায়ের সম্মানে কমপক্ষে একটি করে গাছের চারা রোপণ করতে উৎসাহিত করেন। তিনি দূষণ কমানো, জল সংরক্ষণ, জীববৈচিত্র্য রক্ষায় সহায়তা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য সবুজের সুরক্ষার প্রসঙ্গও তুলে ধরেন। সিবিসি আগরতলার অফিস-ইন-চার্জ এইচ.কে. চ্যাং উভয় উদ্যোগের উদ্দেশ্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং পরিষ্কারতা সম্পর্কিত কুইজ পরিচালনা করেন।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এথৰন শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# # # # # Sound Byte# # # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে, বিশ্ব যথন একাধিক সংকটের মধ্য দিয়ে যাচ্ছে, তখন ভারত স্থিতিশীলতা এবং সংবেদনশীলতার প্রতীক হিসেবে আবির্ভূত হয়েছে। দীপাবলি উপলক্ষে দেশের নাগরিকদের উদ্দেশ্যে লেখা এক চিঠিতে শ্রী মোদী বলেছেন যে, অদূর ভবিষ্যতে ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার পথে রয়েছে। তিনি বলেছেন, একটি বিকশিত এবং আঞ্চনিক ভারতের এই যাত্রায়, প্রতিটি নাগরিকের প্রাথমিক দায়িত্ব হল জাতির প্রতি তাদের কর্তব্য পালন করা। তিনি বলেন, অপারেশন সিঁড়ুরের সময় ভারত কেবল ন্যায়পরায়ণতাকেই সমর্থন করেনি, বরং অন্যায়ের প্রতিশোধও নিয়েছে। শ্রী মোদী বলেন, ভগবান শ্রী রাম মানুষকে ন্যায়পরায়ণতাকে সমর্থন করতে শেখান এবং আমাদের অন্যায়ের বিরুদ্ধে লড়াই করার সাহসও দেন।

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু চার দিনের কেরালা সফরে আজ সন্ধিয়ায় তিরুবনন্তপুরমে পৌঁছেছেন। তিরুবনন্তপুরম আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রপতিকে স্বাগত জানান কেরালার রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলারকর, মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন এবং অন্যান্য উর্ধ্বতন ব্যক্তিরা। রাষ্ট্রপতি আগামীকাল শবরীমালা মন্দির দর্শনের জন্য যাবেন। তিনি বৃহস্পতিবার কেরালা রাজভবনে প্রাত্মন রাষ্ট্রপতি কে আর নারায়ণনের একটি মৃত্তি উন্মোচন করবেন।

\*\*\*\*\*

### **Diwali-Bikash Debarma :**

দীপাবলী উৎসব উপলক্ষে আজ চম্পকনগরের চিন্তারাম পাড়াস্থিত শান্তিকালী আশ্রম প্রাঙ্গণে মহাযজ্ঞ অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা ও পদ্মশ্রী চিত্ত রঞ্জন মহারাজ।

\*\*\*\*\*

### **Diwali-North :**

দীপাবলি উৎসবের দ্বিতীয়দিনেও জমজমাট ধর্মনগর শহর। আজ সন্ধ্যা থেকেই অ্যাথলেটিক স্লাব, আই এম এ সি, এরিয়ান্স স্লাব, বয়েজ স্লাব, নেতাজি স্লাব, নবযুগ সংঘ সহ বিভিন্ন বড় বাজেটের পুজো মন্ডপগুলোতে দর্শনার্থীদের উপচে পড়া ভিড় পরিলক্ষিত হচ্ছে। আজ রাত দশটা নাগাদ আগরতলা থেকে যাত্রীবাহী ট্রেন ধর্মনগরে পৌঁছার পর দর্শনার্থীদের ভিড় আরো বাড়বে বলে পুজো উদ্যোক্তারা আশা করছেন।

\*\*\*\*\*

### **Diwali-Kailashahar :**

উলকোট জেলা সদর কৈলাশহরে শ্যামাপূজা ও দীপাবলি উদযাপন উপলক্ষ্যে জনগণের মধ্যে বিপুল উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে। আজ সন্ধ্যা থেকে মন্ডপে দর্শনার্থীদের ভিড় লক্ষ্য করা গেছে। বিভিন্ন সার্বজনীন পুজো মন্ডপগুলোতে আজ সাংস্কৃতিক অনুষ্ঠান, জলসা ইত্যাদির আয়োজন রয়েছে।

চারিদিকে রঙবেরঙের আলোর রোশনাই ও আলো ঝলমল পরিবেশ বিরাজ করছে। সর্বত্রই উৎসব মুখর পরিবেশ।

\*\*\*\*\*

### **Diwali Utsab :**

ইন্দ্রনগরের জয় মা সন্তান সংঘ কালীবাড়িতে আজ সকালে কুমারী পূজা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

### **Diwali-Khowai :**

দীপাবলী উৎসব উপলক্ষ্যে খোয়াই সুভাষ পার্ক কালী বাড়িতে আজ চন্দী মহাযজ্ঞ অনুষ্ঠিত হয়। এদিকে, শ্যামা পূজা উপলক্ষ্যে গতকাল সুভাষ পার্ক ফাঁড়ি থানা পুলিশের উদ্যোগেশতাধিক গরীব মানুষদের মধ্যে শীতবন্ধ প্রদান করা হয়। উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার রানাদিত্য দাস।

\*\*\*\*\*

### **Diwali-South :**

দক্ষিণ জেলার বিলোনিয়ার যোগমায়া কালিবাড়ি, জোলাইবাড়ি ব্লকের মুহূরীপুরের রাজ-রাজেশ্বরী মন্দির, পিলাকের মহেশ্বরী কালিবাড়িতে দীপাবলি উৎসব ঘিরে আজও মেলা চলছে। গতকাল সন্ধ্যায় মুহূরীপুরের রাজ-রাজেশ্বরী মন্দির এবং পিলাক পার্কিং জোনের মহেশ্বরী কালিবাড়িতে দুইদিনের দীপাবলি উৎসবের উদ্বোধন করেন সাংসদ বিপ্লব কুমার দেব। তিনি ত্রিপুরেশ্বরী মায়ের মন্দির উন্নয়ন প্রকল্পের মতোই মুহূরীপুরের রাজ রাজেশ্বরী, দৈত্যশ্বরী ও বিলোনিয়ার কালী বাড়ি মন্দিরের উন্নয়নের জন্য প্রায় ৩০ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হবে বলে আশ্বাস দেন।

\*\*\*\*\*

### **Diwali-Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়ার তথা বিধায়ক দীপক মজুমদার আজ খোস বাগান কালী বাড়ীতে পূজা দেন ও দুঃস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করেন। উপস্থিতি ছিলেন কর্পোরেটর রঞ্জা দত্ত।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে অক্টোবর আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*